আজকের কাগজ

তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা ৮ কলাম ২

১০৮

৮

বিশ্ববিদ্যালয় পরিষদের সভা

# সন্ত্রাসের কারণে সমগ্র শিক্ষা ব্যবস্থা বিপর্যয়ের সম্মুখীন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের স্থায়ী কমিটির এক সভায় বলা হয়েছে, 'সন্ত্রাসমূলক কার্যকলাপের ফলে দেশের সমগ্র শিক্ষা ব্যবস্থা বিপর্যয়ের সম্মুখীন।'

গতকাল শনিবার এসভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশ্ববিদ্যালয়গুলোতে অব্যাহত সন্ত্রাসী তৎপরতায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ কাজী সালেহ আহমেদ, কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মোহাম্মদ আসাদুর রহমান, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মোঃ শাহজাহান, খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ গোলাম রহমান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডঃ সদরুদ্দিন আহমেদ চৌধুরী এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মুহাম্মদ আব্দুল হামিদ।

সভায় সরকার, রাজনৈতিক দল, ছাত্র সংগঠন, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে যৌথভাবে এই অশুভ তৎপরতার অবসানে এগিয়ে আসার আহবান জানানো হয়। একইসঙ্গে বিভিন্ন পত্র-পত্রিকা শিক্ষাঙ্গনে সন্ত্রাসের প্রকৃতি ও তা' নিরসনের উপায় সম্পর্কে যেসব বিভ্রান্তিকর প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে তা থেকে বিরত থাকার জন্যে সংশ্লিষ্ট সকলের কাছে আহবান জানানো হয়।